

৯৫ Kyam

বরিশালে পাসের হারকে ফলাফল বিপর্যয় হিসেবে দেখছেন শিক্ষাবিদরা

বরিশাল ব্যুরো

২০০৭ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় বরিশাল শিক্তা বোর্ডে অষ্টা নেরা ৫১ হাজার ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৫ হাজার ৯২০ জন পাস করেছে। পাসের শতকরা হার ৫০.৬৭। এদের মধ্যে ৬৪১ জন পেয়েছে জিপিএ-৫। এমিকে পাসের ও হারকে ফলাফল বিপর্যয় হিসেবে দেখছেন শিক্ষাবিদরা। কেননা গত বছর এ বোর্ডে এসএসসি পরীক্ষায় পাসের হার ছিল ৫৯.৩০। ফলস্বরূপ বিকালে ঘোষিত ফলাফল অনুযায়ী বিজ্ঞান বিভাগে পরীক্ষার অংশ নেয়া ৬ হাজার ৭০৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫ হাজার ২৯৭ জন। পাসের হার ৭৭.৪৫। এ বিভাগে জিপিএ-৫ পেয়েছে ৫৩২ জন। মানসিক বিভাগে ২৫ হাজার ৬৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১০টি জিপিএ-৫ সহ মোট ১০ হাজার ২৪০ জন পাস করেছে। পাসের শতকরা হার ৩৯.৯২। গণিত বিভাগে ১০ হাজার ৩৮০ জন পাস করেছে ১৮ হাজার ৬৬৫ জনের মধ্যে। জিপিএ-৫ পেয়েছে ৮৯ জন। পাসের শতকরা হার ১৫.৬৩।

১ বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর মধ্যে ২৫ হাজার ৯৮৪ জন ছেলে ও ৫ হাজার ১৭৪ জন মেয়ে ছিল। এর মধ্যে ১৩ হাজার ৬১৫ জন ছেলে এবং ১২ হাজার ৩০৫ জন মেয়ে পাস করেছে। বিজ্ঞান, মানসিক ও গণিত বিভাগের সম্মিলিত ফলাফল অনুযায়ী

জিপিএ ৪ < ৫ পেয়েছে ৩ হাজার ৩১০ জন, জিপিএ ৩.৫ < ৪ পেয়েছে ৩ হাজার ৫৩৭ জন, জিপিএ ৩ < ৩.৫ পেয়েছে ৫ হাজার ৮৫৮ জন, জিপিএ ২ < ৩ পেয়েছে ১১ হাজার ২০৬ জন এবং জিপিএ ১ < ২ পেয়েছে ১ হাজার ৩৬৮ জন। শিক্তা বোর্ড সূত্রে জানা গেছে, এ বছরের এসএসসি পরীক্ষায় মোট ৫১ হাজার ৫৯১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৩৩ জন পরীক্ষায় অংশ নেয়নি।

বরিশাল শিক্তা বোর্ডের অণ্ডতাপী ৬ জেলায় অধা সবচেয়ে ভালো ফলাফল করেছে পিরোজপুর জেলা। এ জেলায় পরীক্ষায় অংশ নেয়া ৬ হাজার ৮৫০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪ হাজার ২০৫ জন। পাসের শতকরা হার ৬১.৩৯। দ্বিতীয় অবস্থানে থাকে বরগুনা জেলায় ৪ হাজার ৬৭৮ জনের মধ্যে পাস করেছে ২ হাজার ৫০৮ জন। পাসের শতকরা হার ৫৪.৭৬। বরিশাল জেলায় ১৯ হাজার ২৭৬ জনের মধ্যে ৯ হাজার ৭৫৪ জন পাস করেছে। শতকরা পাসের হার ৫০.৯৭। পটুয়াখালী জেলার পাসের হার ৪৯.১৫। এখানে ৮ হাজার ৯০৪ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৪ হাজার ৩৩৩ জন। কালকঠি জেলায় ৫ হাজার ৪৩২ জনের মধ্যে ২ হাজার ৬০৯ জন পাস করেছে। পাসের হার ৪৮.৪৯। জেলায় পাসের হার ৩৯.১৪। এখানে ৬ হাজার ৪০০ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২ হাজার ৪৮১ জন।

এবারের এসএসসি পরীক্ষার ফলাফলকে বিপর্যয় হিসেবে দেখছেন বরিশালের শিক্ষাবিদরা। একদিক দৃশ্য, কলেজের প্রধান শিক্ষক এবং অধ্যক্ষের সঙ্গে আলোচনায় তারা জানান, অন্যান্য বোর্ডের তুলনায় বরিশালের ফলাফল খুব একটা ভালো নয়। তাছাড়া গত বছর দেখানে ৭২১ জন জিপিএ-৫ পেয়েছিল দেখানে এ বছর সেই সংখ্যা ৬৪১ ছাড়া এসে দাঁড়িয়েছে। তবে এ বছরের পরীক্ষায় বহিষ্কারের সংখ্যা কম থাকার বিষয়টি উল্লেখ্য। গত বছর দেখানে ১২৫ জন বহিষ্কার হয়েছিল দেখানে এ বছর বহিষ্কার হয়েছে মাত্র ৩৪ জন। এ থেকে বোঝা যায়, শিক্ষার্থীরা পড়ার টেনিজে ফিরছে।